গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৩১.১৪.১২৭.২১.৪৬১

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৯
২৮ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **পণ্যের কারিগরি বিনির্দেশ (Technical Specification) প্রস্তুতকরণে পিপিএ ২০০৬ ও পিপিআর২০০৮ এর সংশ্লিষ্ট ধারা/বিধিসমূহ যথাযথভাবে অনুসরণ প্রসঙ্গে।**


সূত্র: আইএমইডি এর স্মারক নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.০০২.২২-৬০ তারিখ: ০৭/০৮/২০২২খ্রি:

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারক পত্রে উল্লেখ রয়েছে, সরকারি ক্রয়ে পণ্যের কারিগরি বিনির্দেশ (Technical Specification) প্রস্তুতকরণে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ ২০০৬) ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর সংশ্লিষ্ট ধারা/বিধিসমূহ যথাযথভাবে অনুসরণের বিষয়ে ১৩/০৬/২০২১খ্রি: তারিখের ২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.২১.৮৭ স্মারকমূলে সিপিটিইউ হতে একটি পরিপত্র জারী করা হয়েছে। কিন্তু পণ্য ও কার্যের বিনির্দেশ প্রণয়নকালে বিভিন্ন ক্রয়কারী সংস্থা কর্তৃক এ নির্দেশনা প্রতিপালনে ব্যত্যয় করা হচ্ছে মর্মে কতিপয় অংশীজনের মতামত পাওয়া গেছে।

অবাধ প্রতিযোগিতা সীমিত করতে পারে বা দেশীয় প্রতিষ্ঠানসমূহ দরপত্রে অংশগ্রহণে বঞ্চিত হতে পারে এরূপ শর্ত পরিহার করে সরকারি ক্রয়ে পণ্য ও কার্যের কারিগরি বিনির্দেশ (Technical Specification) প্রস্তুতকরণে পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এর সংশ্লিষ্ট ধারা/বিধিসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য সকল ক্রয়কারীকে বিবেচ্য পত্রের মাধ্যমে পুনরায় অনুরোধ জানানো হয়।

এমতাবস্থায়, এতদসঙ্গে সংযুক্ত বিবেচ্য পত্রের মর্মানুযায়ী বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিবেচ্য পত্র ০২(দুই) পাতা।।



২৮-৯-২০২২
মোহাম্মদ আবুল কালাম আজাদ
নির্বাহী প্রকৌশলী
ফোন: ০২-৫৫১০১২৬৩
ইমেইল: plansection2@mohpw.gov.bd

বিতরণ :
১) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
২) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
৩) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)
৪) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
৫) চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ
৬) চেয়ারম্যান (রুটিন দায়িত্ব), চেয়ারম্যান এর দপ্তর, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
৭) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ

৮) চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

৯) মহাপরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ
ইনস্টিটিউট

১০) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৩১.১৪.১২৭.২১.৪৬১/১(৬)

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৯
২৮ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ


২) অতিরিক্ত সচিব, উন্নয়ন-১ অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৩) একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৪) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৫) উপ-প্রধান (উপ-সচিব), পরিকল্পনা সেল, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৬) অফিস কপি, /মাষ্টার কপি



২৮-৯-২০২২
মোহাম্মদ আবুল কালাম আজাদ
নির্বাহী প্রকৌশলী

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.০০২.২২-৬০ তারিখঃ ০৭/০৮/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ পণ্যের কারিগরি বিনির্দেশ (Technical Specification) প্রস্তুতকরণে পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এর সংশ্লিষ্ট ধারা/বিধিসমূহ যথাযথভাবে অনুসরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সরকারি ক্রয়ে পণ্যের কারিগরি বিনির্দেশ (Technical Specification) প্রস্তুতকরণে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ ২০০৬) ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর সংশ্লিষ্ট ধারা/বিধিসমূহ যথাযভাবে অনুসরণের বিষয়ে গত ১৩/০৬/২০২১ তারিখে ২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.২১-৮৭ স্মারকমূলে সিপিটিইউ হতে একটি পরিপত্র জারী করা হয়েছে **(কপি সংযুক্ত)**। কিন্তু পণ্য ও কার্যের বিনির্দেশ প্রণয়নকালে বিভিন্ন ক্রয়কারী সংস্থা কর্তৃক এ নির্দেশনা প্রতিপালনে ব্যত্যয় করা হচ্ছে মর্মে কতিপয় অংশীজনের মতামত পাওয়া গেছে।

০২। বর্ণিত পরিপ্রেক্ষিতে, অবাধ প্রতিযোগিতা সীমিত করতে পারে বা দেশীয় প্রতিষ্ঠানসমূহ দরপত্রে অংশগ্রহনে বঞ্চিত হতে পারে এরুপ শর্ত পরিহার করে সরকারি ক্রয়ে পণ্য ও কার্যের কারিগরি বিনির্দেশ (Technical Specification) প্রস্তুতকরণে পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এর সংশ্লিষ্ট ধারা/বিধিসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য সকল ক্রয়কারীকে পুনরায় অনুরোধ জানানো হলো।

**সংযুক্তিঃ বর্ণনামতে।**

9.8.2022
(মোঃ শোহেলের রহমান চৌধুরী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৪৮১১৯৪০০-০১
Email: cptudg@cptu.gov.bd

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২. সিনিয়র সচিব /সচিব গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা ........মন্ত্রণালয়/বিভাগ।
৩. সদস্য, পরিকল্পনা কমিশন, ..........................।
৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল টার্গেট এজেন্সী) ..........................।
৫. মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৮. অফিস কপি।

জেনারেল ডাইরী
নং.............. তাং..........
গ্রহণ ও বিতরণ শাখা
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

উপ-সচিব (পরিকল্পনা) এর দপ্তর
পরিকল্পনা ও বাস্তবায়ন অধিশাখা

R:\DD4_Mahfuz\Sumon Kumar\Opinion PM Office_27.07.2022.Doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.২১-৮৭ তারিখঃ ১৩/০৬/২০২১ খ্রিঃ

# পরিপত্র

**বিষয়ঃ পণ্যের কারিগরি বিনির্দেশ (Specification) প্রস্তুতকরণে পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এর সংশ্লিষ্ট ধারা/বিধিসমূহ যথাযথভাবে অনুসরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সরকারি তহবিলের দ্বারা পণ্য ক্রয়ের ক্ষেত্রে পণ্যের বিনির্দেশ (Specification) প্রস্তুত বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ ২০০৬) এর ধারা ১৫(১) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ২৯-এ বিশদ নির্দেশনা উল্লেখ করা হয়েছে। প্রতিযোগিতামূলক ক্রয় পদ্ধতিতে সকল দরপত্রদাতার প্রতি সম-আচরণ এবং অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে ক্রয়তব্য পণ্যের কারিগরি বিনির্দেশ প্রস্তুত করার সময় উক্ত পণ্যের আবশ্যকীয় সকল বৈশিষ্ট্য, মান ও ব্যবহার উপযোগিতার সকল দিক উল্লেখ করতে হবে। তবে কারিগরি বিনির্দেশে কোন পণ্যের ট্রেডমার্ক, পেটেন্ট, নকশা বা ধরণ, নির্দিষ্ট উৎস বা দেশের নাম উল্লেখ করা যাবে না [(বিধি ২৯(৩)]। কেবল বিনির্দেশের সাধারণরূপ প্রস্তুত করে দরপত্রদাতাদের নিকট সহজভাবে বোধগম্য করার জন্য ক্রয়কারীর পর্যাপ্ত কারিগরি দক্ষতা না থাকলে ক্রয়কারী কারিগরি বিনির্দেশে কোন সুনির্দিষ্ট ব্রান্ডের পণ্যের বিবরণ উল্লেখ করতে পারে, তবে এ ক্ষেত্রে উক্ত বিনির্দেশে "বা এইরূপ বা সমতুল্য" শব্দসমূহ যোগ করতে হবে [বিধি ২৯(৪)]। প্রনিধানযোগ্য যে, কোন অবস্থাতেই কোন বিশেষ ব্রান্ড বা উৎসের প্রতি আনুকূল্য প্রদর্শনের জন্য এটি উল্লেখ করা যাবে না। কোন কার্য বা সেবা ক্রয়ের প্যাকেজে আবশ্যকীয় কোন পণ্যের বিবরণ থাকলেও একই বিধি প্রযোজ্য হবে।

০২। সাম্প্রতিক সময়ে সরকারি ক্রয়ের সাথে সম্পৃক্ত কতিপয় অংশীজনের (Stakeholder) নিকট হতে এরূপ অভিমত পাওয়া গেছে যে, দরপত্র আহ্বানের ক্ষেত্রে কোন কোন ক্রয়কারী আবশ্যকীয় পণ্যের ব্রান্ড নাম বা মডেল এবং নির্দিষ্ট দেশের বা অঞ্চলের নাম উল্লেখ করছে। অধিকন্তু, কোন কোন ক্রয়কারী সংস্থার বিভাগীয় দর-তফসিলে (Rate schedule) আবশ্যকীয় পণ্যের ব্রান্ড নাম বা সুনির্দিষ্ট দেশ/অঞ্চলের নাম উল্লেখ করা হচ্ছে যা পিপিএ/পিপিআর এর উপর্যুক্ত বিধানের পরিপন্থি। দরপত্র দলিল বা রেট সিডিউলে পণ্যের ব্রান্ড/দেশের নাম নির্দিষ্ট করে দেয়ার ফলে দেশীয় শিল্প প্রতিষ্ঠানসমূহ দরপত্রে অংশগ্রহণ করতে পারে না, অবাধ প্রতিযোগিতার সুযোগ হ্রাস পায়, সকল দরদাতার প্রতি সম-আচরণের অন্তরায় হয়ে দাঁড়ায় এবং ক্ষেত্র বিশেষে আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব সৃষ্টি করে।

০৩। এ পরিপ্রেক্ষিতে সরকারি দরপত্র প্রক্রিয়া করা বা বিভাগীয় রেট সিডিউল প্রস্তুত করার ক্ষেত্রে পিপিএ, ২০০৬ এর ধারা ১৫(১) এবং পিপিআর, ২০০৮ এর বিধি ২৯ যথাযথভাবে অনুসরণ করে পণ্যের কারিগরি বিনির্দেশ (Specification) প্রস্তুত নিশ্চিত করার জন্য সকল ক্রয়কারীকে অনুরোধ করা হলো।

১৩.৬.২০২১
(মোঃ শোহেলের রহমান চৌধুরী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।

<u>বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব,........................................................................................................ ..........................................................................................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩. সদস্য, পরিকল্পনা কমিশন..........................................................................................................।
৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল টার্গেট এজেন্সী) ...........................................................................................................................................।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭. অফিস কপি।